

নথি নং ১ই-১০০/২০১৫

বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ, ঢাকা।
(সাধারণ ও সংস্থাপন শাখা)

অফিস অদেশ নং - ৯৪ /২০১৫ (এ এন্ড সি)

তারিখঃ- ০৮/০৪/২০১৫ ইং

নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগে নিম্নলিখিত প্রার্থীগণকে তাহাদের নামের পার্শ্বে বর্ণিত পদে প্রচলিত ভাতাদিসহ জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর ৪৭০০-২৬৫×৭-৬৫৫৫-ইবি-২৯০×১১-৯৭৪৫/- টাকার স্কেলে কাজে যোগদানের তারিখ হইতে ০২ (দুই) বৎসরের জন্য সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে শিক্ষানবিশ হিসাবে নিয়োগ প্রদান করা হইলঃ-

ক্রমিক নং	নাম ও পিতার নাম	রোল নং	পদের নাম
০১	অং চ খুই মার্মা পিতাঃ রাই মে অং মারমা	৩৯১	ড্রাইভার
০২	মোঃ আঃ রশিদ সিকদার পিতাঃ মোঃ আঃ হামিদ সিকদার	২৭৭	ড্রাইভার
০৩	মোঃ মনির হোসেন পিতাঃ মোঃ মিজান আলী	৮১	ড্রাইভার
০৪	মোঃ আবু সাঈদ পিতাঃ মৃত জবেদ আলী	৩২	ড্রাইভার
০৫	মোঃ রমজান আলী পিতাঃ মোঃ আনোয়ার হোসেন	০১	ড্রাইভার
০৬	দিলিপ চন্দ্র সাহা পিতাঃ শ্রী দিনেশ চন্দ্র সাহা	৩২৩	ড্রাইভার
০৭	মোঃ জিকরুল সেখ পিতাঃ মৃত শহিদ শেখ	৫৫	ড্রাইভার

নিয়োগ প্রাপ্ত ব্যক্তিগণকে আগামী ১৫/০৪/২০১৫ ইং তারিখের মধ্যে কাজে যোগদানের জন্য নির্দেশ দেওয়া হইল।

শর্তাবলীঃ-

১. চাকুরীতে যোগদানের সময় তাহার বয়স, শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য যোগ্যতার প্রমাণ স্বরূপ সকল প্রয়োজনীয় মূল/প্রভিশনাল সার্টিফিকেট দাখিল করিতে হইবে।
২. কোন প্রার্থী নির্দিষ্ট তারিখের মধ্যে কাজে যোগদান না করিলে তাহার নিয়োগপত্র বাতিল বলিয়া গণ্য হইবে।
৩. এই নিয়োগ সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে প্রদান করা হইল। তাহাকে বিনা নোটিশে বা কোন প্রকার কারণ প্রদর্শন ব্যতিরেকেই যে কোন সময় চাকুরীচ্যুত করা যাইবে।
৪. তাহার শিক্ষানবিশকালীন সময়ের কর্ম সন্তোষজনক হইলে তাহাকে চাকুরীতে স্থায়ী করিবার বিষয় যথাসময়ে বিবেচনা করা হইবে।
৫. প্রার্থীকে চাকুরীতে যোগদানের সময় ১৯৬৬ সালের অস্থায়ী চাকুরী বিধি অনুযায়ী একটি প্রতিশ্রুতি (আন্ডার টেকিং) ফরম পূরণ করিতে হইবে এবং নিজ খরচে ঢাকার নির্ধারিত সিভিল সার্জন/মেডিকেল বোর্ড এর নিকট হইতে শারীরিক যোগ্যতার সনদপত্র সংগ্রহ পূর্বক দাখিল করিতে হইবে।
৬. কাজে যোগদানের পর যথানিয়মে প্রত্যেক প্রার্থীর পুলিশ ভেরিফিকেশন গ্রহণ করা হইবে, যাহা অবশ্যই সন্তোষজনক হইতে হইবে।
৭. তাহাকে যোগদানের জন্য কোন প্রকার ভাতা প্রদান করা হইবে না।

আদেশক্রমে,

স্বা/-

(মোহাম্মদ কামাল হোসেন শিকদার)

তাং- ৮/৪/২০১৫

ডেপুটি রেজিস্ট্রার

(সার্বিক ও আদি অধিক্ষেত্র)।

